ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৫২৮
জম্পুইজলা, ২ জুলাই, ২০২৫

**জনভাগীদারি অভিযানে জম্পুইজলার বিভিন্ন স্কুলে সচেতনতা শিবির করা হবে**

জম্পুইজলা মহকুমা শাসকের সভাগৃহে গতকাল মিশন সংকল্প এবং ধরতি আবা জনভাগীদারি অভিযানের বিষয়ে সভা অনুষ্ঠিত হয়। সভায় জম্পুইজলা মহকুমার ডিসিএম অভিরাম দেববর্মা জানান, আগামী ৪ জুলাই থেকে জম্পুইজলা মহকুমার অন্তর্গত প্রতিটি হাইস্কুল এবং দ্বাদশমান বিদ্যালয়গুলিতে সচেতনতা শিবির অনুষ্ঠিত হবে। এই শিবিরে বাল্যবিবাহ, নেশা বিরোধী অভিযান, কিশোরী গর্ভাবস্থা প্রতিরোধ ইত্যাদির বিষয়ে ছাত্রছাত্রীদের সচেতনতা করা হবে। মোট ২৯টি বিদ্যালয়ে এই সচেতনতা শিবির অনুষ্ঠিত হবে এবং শিবির আগামী ২২ জুলাই পর্যন্ত চলবে।

এছাড়া ধরতি আবা জনভাগীদারি অভিযান জম্পুইজলা ব্লকের ২০টি ভিসিতে অনুষ্ঠিত হবে। এই অভিযান ১ জুলাই শুরু হয়েছে এবং ১৪ জুলাই পর্যন্ত চলবে। ধরতি আবা জনভাগীদারি অভিযানে এসটি, পিআরটিসি, আধার, ইনকাম, সুকন্যা যোজনা, মিশন বাৎসল্য প্রভৃতি প্রকল্পে জনগণ সুবিধা গ্রহণ করতে পারবেন। সভায় উপস্থিত ছিলেন জম্পুইজলা মহকুমার ডিসিএম সঞ্জয় কলই, ডিসিএম সুদীপ দেববর্মা, ডিসিএম বেঞ্জামিন ডার্লং, ডিসিএম বিশ্বনাথ রায়, জম্পুইজলা ব্লকের অতিরিক্ত বিডিও বীর বাহাদুর রিয়াং, জম্পুইজলা মহকুমার বিভিন্ন দ্বাদশমান বিদ্যালয় ও হাইস্কুলের প্রধান শিক্ষকগণ এবং জম্পুইজলা মহকুমার অন্তর্গত বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

********